



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)
দক্ষিণ নগর ভবন ১৩তলা, ফুলবাড়িয়া, ঢাকা-১০০০
ওয়েব সাইট: www.dtca.gov.bd

স্মারক নং-৩৫.০২.০০০০.০০৩.৯৯.০০১.২০- ১৬৬

তারিখ: ২৩/০৩/২০২০খ্রিঃ


বিষয়: পরিবহনের মাধ্যমে করোনা ভাইরাস (কোভিড-১৯) এর বিস্তার রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ইতোমধ্যে বিশ্বের অধিকাংশ দেশে প্রাণঘাতী করোনা ভাইরাস সংক্রমণের খবর পাওয়া গিয়েছে এবং বাংলাদেশেও করোনা ভাইরাসে আক্রান্ত রোগী সনাক্ত করা হয়েছে। সম্প্রতি WHO করোনা ভাইরাসকে বৈশ্বিক মহামারী হিসেবে ঘোষণা দিয়েছে। করোনা ভাইরাস অত্যন্ত সংক্রামক বিধায় বাংলাদেশের মত ঘনবসতিপূর্ণ দেশগুলো এতে উচ্চ ঝুঁকিপূর্ণ। বাস স্টপেজ/টার্মিনাল গুলোতে অধিক জনসমাগম হওয়ার দরুন এবং গণপরিবহনে যাত্রীদের মধ্যে পর্যাণ্ড দূরত্বের অভাবে এ রোগ উচ্চ মাত্রায় ছড়িয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। এছাড়া খ্রি হইলার এবং রিক্সায় চলাচলের সময় চালকের মাধ্যমে এ ভাইরাস সংক্রমণের যথেষ্ট আশংকা রয়েছে। এমতাবস্থায়, করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাব রোধে এ বিষয়ে ব্যাপক প্রচার প্রচারণাসহ নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করা যেতে পারে:

- প্রতিটি বাস স্টপেজ/টার্মিনালে হাত ধোয়ার ব্যবস্থা রাখা।
- প্রতিদিন জীবাণুনাশক স্প্রে ব্যবহার করে বাস/টেম্পু/লেওনা ইত্যাদির টার্মিনাল/স্টপেজ পরিষ্কার করা।
- নিয়মিতভাবে জীবাণুনাশক স্প্রে দিয়ে বাস, টেম্পু, লেওনা ইত্যাদির সিট, হাতল, জানালার পাশ ভালোভাবে পরিষ্কার করা।
- গণপরিবহন, খ্রি হইলার, রিক্সা প্রভৃতির চালক ও প্রযোজ্য ক্ষেত্রে হেলপারকে আবশ্যিকভাবে মাস্ক, গ্লাভস পরিধানের বাধ্য করা।

০২। এমতাবস্থায়, এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

- ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন।
- ২। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন।


স্বাক্ষরকারী: রাফিকুল ইসলাম
নির্বাহী পরিচালক
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ
ফোন: ৯৫৬২৬৮৬।

অনুশিপি (জ্যেষ্ঠতা অনুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ/ স্বাস্থ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অফিস কপি/ মাস্টার ফাইল।

স্থানীয় সরকার বিভাগ
সিনিয়র সচিবের কার্যালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনা'র মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৭০.২৩.০০২.১৯.৪৪৮

তারিখ: ১১ চৈত্র ১৪২৬
২৫ মার্চ ২০২০

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হল।


আ. ন. ম. ফয়জুল হক
উপসচিব

ফোন: ৯৫৭৩৬২৫

ই-মেইল: lgcc1@lgd.gov.bd

বিতরণ (কার্যার্থে):

- প্রধান নির্বাহী কর্মকর্তা,
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ রাজশাহী সিটি কর্পোরেশন/ চট্টগ্রাম সিটি কর্পোরেশন/
খুলনা সিটি কর্পোরেশন/ বরিশাল সিটি কর্পোরেশন/ কুমিল্লা সিটি কর্পোরেশন/ সিলেট সিটি কর্পোরেশন/
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন/ রংপুর সিটি কর্পোরেশন/ গাজীপুর সিটি কর্পোরেশন/ ময়মনসিংহ সিটি কর্পোরেশন।